



'আমার বাড়ি, আমার জীবন': বাংলাদেশি প্রবীণদের জন্য জীবনযাত্রার পরিবেশের উন্নয়ন, ডানহিল মেডিকেল ট্রাস্টের অর্থায়নে পরিচালিত একটি ৩৬ মাসের দীর্ঘ গবেষণা প্রকল্প, যা পূর্ব লঙ্ঘনে বাংলাদেশি প্রবীণদের আবাসন এবং স্বাস্থ্যের বৈষম্যের উপর দৃষ্টি নিবন্ধ করবে।

বাংলা হাউজিং অ্যাসোসিয়েশন এবং হাউজিং লার্নিং অ্যান্ড ইমপ্রুভমেন্ট নেটওয়ার্ক (LIN) এর সাথে যৌথ উদ্যোগে, দ্য ওপেন ইউনিভার্সিটি এর নেতৃত্বে, স্থানীয় বাংলাদেশী সম্প্রদায় ও পেশাদারদের জড়িত করে বাংলাদেশী প্রবীণদের অবসর জীবনযাপনের পরিবেশে বৈচিত্র্য এবং অন্তর্ভুক্তি অন্বেষণ করবে।

এই বয়স্ক, প্রবীণ সম্প্রদায়ের অভিমত খুব কমই শোনা যায়, এবং এই গবেষণাটি তাদের অভিমত শুনতে, তাদের কৃস্তি ও সংস্কৃতিকে প্রাধান্য দিয়ে স্থানীয় আবাসন পরিকল্পনা এবং পদক্ষেপ গুলিতে আরো বেশি মতামত পেশ করার জন্য কমিউনিটিকে শক্তিশালী করবে।

এটি স্থানের অর্থ - বাড়ি, আবাসন এবং আশেপাশের পরিবেশ এবং সুস্থতার জন্য প্রভাব সম্পর্কে তাদের অভিজ্ঞতা এবং আকাঙ্ক্ষার একটি জ্ঞানের ভিত্তি তৈরি করবে।

এই প্রকল্পটি যুক্তরাজ্যে এই রকম প্রথম একটি বিস্তারিত গবেষণা। এটি পূর্ব লন্ডনের কমিউনিটিগুলিকে বিভিন্নভাবে উপর্যুক্ত করবে যেমন:

- আরও ক্ষমতাপ্রাপ্ত স্থানীয় কমিউনিটির উন্নয়ন;
- দক্ষ এবং ঘোগ্য কমিউনিটি গবেষক তৈরি করতে সাহায্য করা;
- স্থানীয় জনগণের মতামত শোনা;
- বাংলাদেশী প্রবীণদের বর্তমান এবং ভবিষ্যত আবাসন চাহিদা সম্পর্কে বিশদ উপলব্ধি প্রদান;
- হাউজিং এবং সহায়তার বিষয়ে মতামত জানাতে অবদান রাখা এবং স্থানীয় আবাসন পদক্ষেপ এবং বিনিয়োগ পরিকল্পনাগুলি কীভাবে অবসর জীবনের জন্য আবাসনকে আরও ভালভাবে মোকাবেলা করতে পারে।

ডক্টর মানিক গোপীনাথ মন্তব্য করেছেন "ওপেন ইউনিভার্সিটি টিম বাংলা হাউজিং অ্যাসোসিয়েশন, হাউজিং লিন এবং পূর্ব লন্ডনের বাংলাদেশী কমিউনিটির সদস্যদের সাথে তাদের জীবন এবং বাড়ি সম্পর্কে প্রবীণদের কাছ থেকে শেখার জন্য কাজ করতে পেরে আনন্দিত।"

বাংলা হাউজিং অ্যাসোসিয়েশনের সিইও বশির উদ্দিন বলেন, "আমরা এই গুরুত্বপূর্ণ গবেষণা প্রকল্পে দ্য ওপেন ইউনিভার্সিটি এবং হাউজিং লিন এর সাথে কাজ করতে পেরে খুবই উচ্ছ্বসিত। এই নিবিড় গবেষণাটি পূর্ব লন্ডনে বর্তমান জীবনযাপনের ব্যবস্থা, স্বাস্থ্য ও সুস্থিতা এবং বর্তমানে প্রান্তিক বাংলাদেশী প্রবীণদের নিজস্ব ভাষায় তাদের আকাঙ্ক্ষা সম্পর্কে অত্যন্ত প্রয়োজনীয় প্রমাণ এবং গুরুত্বপূর্ণ তথ্য তৈরি করবে।"

হাউজিং লিন-এর সিইও জেরেমি পোটিয়াস যোগ করেছেন "ডানহিল মেডিকেল ট্রাস্টের অর্থায়নে পরিচালিত এই সামাজিক কর্ম গবেষণা প্রকল্পে ওপেন ইউনিভার্সিটি এবং বাংলা হাউজিং অ্যাসোসিয়েশনের অংশীদার হতে পেরে আমরা অত্যন্ত গর্বিত। এটি পূর্ব লন্ডনের প্রবীণ বাংলাদেশী সম্প্রদায়কে সরাসরি জড়িত এবং সাহায্য করার একটি অনন্য সুযোগ। এটি তাদের বাসস্থান এবং যত্নের অভিজ্ঞতা ভাগ করে নিতে এবং স্থানীয় পদক্ষেপ এবং পরিকল্পনাগুলি কীভাবে তাদের চাহিদা এবং আকাঙ্ক্ষাগুলিকে আরও ভালভাবে প্রতিফলিত করতে পারে সে সম্পর্কে তাদের আরও বেশি করে মতামত দিতে সহায়তা করবে।".

সুসান কে, দ্য ডানহিল মেডিকেল ট্রাস্টের সিইও বলেছেন "একটি সংস্থা হিসাবে, আমরা এমন উদ্যোগগুলিকে সমর্থন করার জন্য একটি কৌশলগত প্রতিশ্রুতি দিয়েছি যা বয়স্ক জনসংখ্যার জন্য উপযুক্ত জীবনযাপনের সামাজিক পরিবেশ তৈরি এবং সরবরাহ করবে। এই গবেষণা প্রকল্পটি সেই প্রতিশ্রুতির অনেক অংশ এবং আমরা তা দেখতে চাই। তাদের লক্ষ্য অর্জনে সহায়তা করার জন্য সমস্ত গবেষণা প্রকল্পের অংশীদারদের সাথে কাজ করার জন্য উন্মুখ।"